

**কামাল উদ্দিন খান নর্থ
সাউথ ইউনিভার্সিটি
ফাউন্ডেশনের চেয়ারম্যান**



নর্থ সাউথ ইউনি-
ভার্সিটি ফাউন্ডেশনের
আজীবন প্রতিষ্ঠাতা
সদস্য এবিএম কামাল
উদ্দিন খান ২৬ জুন
অনুষ্ঠিত ফাউন্ডেশনের
দশম বার্ষিক সাধারণ

সভায় সর্বসম্মতিক্রমে ফাউন্ডেশনের
বোর্ড অব গবর্নরসের চেয়ারম্যান
নির্বাচিত হয়েছে। নর্থ সাউথ
ইউনিভার্সিটি ফাউন্ডেশন দেশের প্রথম
ও প্রধান বেসরকারী বিশ্ববিদ্যালয় নর্থ
সাউথ ইউনিভার্সিটির প্রতিষ্ঠাতা।
কামাল উদ্দিন খান দেশের একজন
স্বনামধন্য ও সুপ্রতিষ্ঠিত শিল্পপতি এবং
বিশিষ্ট ব্যক্তিত্ব। নিজস্ব ব্যবসা ছাড়াও
তিনি ন্যাশনাল ক্রেডিট গ্র্যান্ড কমার্স
ব্যাংক লিমিটেডের উদ্যোক্তা পরিচালক
এবং গুলশান ক্লুব লিমিটেডের
সভাপতি। তিনি বিভিন্ন সামাজিক ও
জনসেবামূলক কর্মকাণ্ডের সঙ্গেও
সক্রিয়ভাবে জড়িত। ইনভিপেনডেন্ট
তিনি ইউনিভার্সিটি অব বাংলাদেশের
প্রতিষ্ঠাতা ট্রাস্টির একজন সদস্য।
এছাড়া ড. রওশন আলম, এমএ হাশেম
এমপি ও মিসেস রেহানা রহমান
ফাউন্ডেশনের বোর্ড অব গবর্নরসের
ডাইস চেয়ারম্যান হিসাবে নির্বাচিত
হয়েছেন। তারা সকলেই ফাউন্ডেশনের
আজীবন প্রতিষ্ঠাতা সদস্য এবং দেশের
স্বনামধন্য শিল্পপতি। -বিজ্ঞপ্তি।